

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৪৫-আইন/২০২৬/৩৫০-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল এবং বাংলাদেশ হাই-টেক পার্কে বিনিয়োগকারী প্রতিষ্ঠান এর ক্ষেত্রে-

- (ক) যাহারা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) বা ক্ষেত্রমত, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর অধীন ইতিপূর্বে নিবন্ধিত হইয়াছে সেই সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে, পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নবর্ণিত টেবিল-১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এ আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত পণ্য সরবরাহের উপর এবং টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত সেবার শিরনামা সংখ্যা ও সেবার কোড-এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত সেবাসমূহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

টেবিল-১

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্য পূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্যের বিবরণ (Description of Goods)
(১)	(২)	(৩)
২৭.১১	২৭১১.২১.০০	প্রাকৃতিক গ্যাস

টেবিল-২

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবার নাম
(১)	(২)	(৩)
S০২৫	S০২৫.০০	ওয়াসা
S০৩৭	S০৩৭.০০	যোগানদার (Procurement Provider) (পেট্রোলিয়াম দ্রব্যাদি ব্যতীত)
S০৫৭	S০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী

- (খ) যাহারা দফা (ক) এ উল্লিখিত কোনো আইনের অধীন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দের পরে নিবন্ধিত হইবেন, সেই সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে, পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নবর্ণিত টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত সেবার শিরনামা সংখ্যা ও সেবার কোড-এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত সেবাসমূহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**টেবিল**

শিরোনামা সংখ্যা	সেবার কোড	সেবার নাম
(১)	(২)	(৩)
S০৩৭	S০৩৭.০০	যোগানদার (Procurement Provider) (পেট্রোলিয়াম দ্রব্যাদি ব্যতীত)
S০৫৭	S০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী

২। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৩। ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৯০-আইন/২০১৯/৪৭-মূসক এবং প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৯১-আইন/২০১৯/৪৮-মূসক এতদ্বারা রহিত করা হইল।

৪। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

( মোঃ আবদুর রহমান খান এফসিএমএ )  
সচিব